দৈনিক ইনকিলাব

28/7/2007

তারিখ ...
পৃষ্ঠা ৮ কলাম ২

# পুলিশ আবার মুহাম্মদপুর নূরানী তালীমুল মাদ্রাসাটি বন্ধ করে দিয়েছে

**ইনকিলাব রিপোর্ট ঃ** মুহাম্মদপুরস্থ নূরানী তালীমুল কোরআন মাদ্রাসাটি পুলিশ আবার বন্ধ করে দিয়েছে। গত ৩ ফেব্রুয়ারী মুহাম্মদপুর নূর মসজিদে পুলিশ নিহত হওয়ার ঘটনাকে কেন্দ্র করে পুলিশ মাদ্রাসাটি বন্ধ করে দিয়েছিল। দীর্ঘ ছয় মাস পুলিশের দখলে থাকার পর গত ১২ জুলাই মাদ্রাসাটি থেকে পুলিশ প্রত্যাহার করা হলে কর্তৃপক্ষ পুনরায় মাদ্রাসাটি খুলে দেন এবং স্বাভাবিক শিক্ষা কার্যক্রম শুরু করেন। কিন্তু আকস্মিক গত ২২ জুলাই মুহাম্মদপুর থানা পুলিশ আবার মাদ্রাসাটি বন্ধ করে দেয়। এ ব্যাপারে মাদ্রাসা কর্তৃপক্ষ থানায় গিয়ে বন্ধ করার কারণ জিজ্ঞাসা করলে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জানান, আপনারা সাবেক এমপি সাহেবের সঙ্গে দেখা করেন। তার নির্দেশেই এটা করা হয়েছে। আপনারা আওয়ামী লীগ ছাড়া অন্য কোন দল করবেন না বলে প্রতিশ্রুতি দিলে মাদ্রাসা খুলে দেওয়া হবে। মাদ্রাসাটিতে ৭শ' ছাত্র পড়াশোনা করে। এদের বয়স মাত্র ৬ থেকে ১০ বছর। আবার এদের মধ্যে ১শ' এতিম শিশু রয়েছে। গত ২২ জুলাই বৃষ্টির মধ্যে এইসব শিশুকে মাদ্রাসা থেকে বের করে দিয়ে মাদ্রাসাটি বন্ধ করে দেয়া হয়। কেন এবং কার নির্দেশে মুহাম্মদপুর থানা পুলিশ মাদ্রাসাটি বন্ধ করলো সেটা তদন্ত করে দায়ী ব্যক্তিদের শাস্তি দেওয়ার জন্য স্থানীয় জনগণ তত্ত্বাবধায়ক সরকার প্রধানের কাছে আবেদন জানিয়েছেন।

অভিযোগ পাওয়া গেছে যে, মুহাম্মদপুর-ধানমণ্ডি এলাকার সকল মাদ্রাসা ও স্কুলের শিক্ষক ও ছাত্রদের আগামী নির্বাচনে আওয়ামী লীগের পক্ষে কাজ করানোর জন্য থানা পুলিশকে দিয়ে এই অবস্থা সৃষ্টি করা হয়েছে।